গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহঃ শের আলী<br>অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে) ও সভাপতি, নৈতিকতা কমিটি<br>স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ২১ মার্চ ২০২৩, মঙ্গলবার, দুপুর ২:৩০ ঘটিকা |
| স্থান/মাধ্যম | : | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম। |

**সভার আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বলেন, মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে শুদ্ধাচার নিশ্চিতকরণ এবং দুর্নীতি দমনে নৈতিকতা কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। তিনি সভার আলোচ্যসূচিসহ উপস্থাপনের জন্য এ বিভাগের শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব মোহাম্মদ শামছুল ইসলাম-কে আহ্বান জানান।

২. সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-১) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোহাম্মদ শামছুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি চলতি ২০২২-২৩ অর্থ বছরের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং এতে কোনো সংশোধন/সংযোজন/বিয়োজনের প্রস্তাব থাকলে তা জানানোর জন্য সংযুক্ত সকলকে অনুরোধ জানান। কোন সংশোধনী/সংযোজনী প্রস্তাব না থাকায় সভাপতির অনুমতিক্রমে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি ২য় ত্রৈমাসিক সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য সভায় সংযুক্ত এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানান।

৩. নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভায় গৃহিত ২নং সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে অবহিত করার জন্য খুলনা সিটি কর্পোরেশনকে আহ্বান জানানো হয়। খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব লস্কর তাজুল ইসলাম জানান, খুলনা সিটি কর্পোরেশনে সকল ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স আদায় চালু হয়েছে। রংপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রুহুল আমিন মিয়া জানান, রংপুর সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম চালু হয়েছে এবং এবিষয়ে অবহিতকরণ সভা আয়োজন অব্যাহত রয়েছে। তারা উভয়ে বর্ণিত সিদ্ধান্তটি বাস্তবায়িত হয়েছে মর্মে গণ্য করার জন্য সভায় অনুরোধ জানান। সভাপতি বর্ণিত সিদ্ধান্তটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন/প্রত্যয়ন প্রেরণের জন্য সিটি কর্পোরেশনদ্বয়ের প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।

৪. সভায় গৃহিত ৩নং সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব মোঃ কামরুল আহসান বলেন, এলজিইডির আওতাধীন সকল সমাপ্ত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প সমাপ্তির ৩(তিন) মাসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আনোয়ার ইউসুফ বলেন, ডিপিএইচই এর বাস্তবায়নাধীন প্রকল্পের মধ্যে গত অর্থ বছরে সমাপ্ত হওয়া ১১(এগার)টি প্রকল্পের PCR মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আর কোনো সমাপ্ত প্রকল্পের PCR প্রেরণ অবশিষ্ট নেই। রাজশাহী ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ জাকির হোসেন

বলেন, তাদের কোনো সমাপ্ত প্রকল্প নেই। সকল প্রকল্প বাস্তবায়নাধীন আছে। প্রকল্প সমাপ্ত হলে নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে PCR প্রেরণ করা হবে মর্মে তিনি জানান।

৫. সভাপতি সকল দপ্তর/সংস্থার প্রকল্পের PCR প্রেরণ যথাসময়ে সঠিকভাবে হচ্ছে কী না বা কোনো প্রকল্পের PCR প্রেরণ অবশিষ্ট রয়েছে কী না জানতে চাইলে মহাপরিচালক (পমূপ) ডাঃ মোঃ সারোয়ার বারী জানান, প্রায় সকল সমাপ্ত প্রকল্পের PCR মন্ত্রণালয়ে জমা হয়েছে। যে সকল সমাপ্ত প্রকল্পের PCR এখনো পাওয়া যায়নি সেগুলোর একটি তালিকা করার বিষয়ে তিনি মতামত প্রদান করেন।

৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক ড. মলয় চৌধুরী বলেন, এ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পগুলো শেষ হওয়ার পর কোনো জনবল থাকে না। তখন ঐ প্রকল্পগুলোর PCR পাওয়া দুরূহ হয়ে পড়ে। তিনি এ বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকগণকে প্রকল্প শেষে PCR দাখিলের বিষয়ে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা দেয়া দরকার মর্মে অভিমত ব্যক্ত করেন।

৭. যুগ্মসচিব (পরিকল্পনা) জনাব মোঃ কামরুজ্জামান জানান, এ বিভাগসহ দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন যে কোনো প্রকল্প শেষ হওয়ার সাথে সাথে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এর কপি/তথ্য এ বিভাগে প্রেরণ করার পাশাপাশি ডিজিটালি সংরক্ষণের ব্যবস্থা নেয়া প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধানসহ সকল প্রকল্প পরিচালকগণকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

৮. যুগ্মসচিব (প্রশাসন) এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব তানভীর আজম সিদ্দিকী বলেন, প্রকল্পের PCR দাখিল অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মন্ত্রিপরিষদ বিভাগসহ আইএমইডি তথা পরিকল্পনা কমিশনে সমাপ্ত প্রকল্পের তথ্য প্রেরণ করতে হয়। তিনি PCR দাখিলের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে সময়সীমা বেঁধে দেয়ার জন্য সভায় অভিমত ব্যক্ত করেন।

৯. এ পর্যায়ে সভাপতি যাদের PCR দাখিল করা অবশিষ্ট রয়েছে তাদেরকে আগামী ১(এক) মাসের মধ্যে এ বিভাগে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

১০. সভায় গৃহিত ৪নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে যুগ্মসচিব (অডিট) জনাব রিয়াসাত আল ওয়াসিফ বলেন, ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে দপ্তর/ সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসেও এ বিষয়ে ৬(ছয়)টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। কিছু অডিট আপত্তি নিষ্পন্ন হয়েছে। অবশিষ্ট অডিট আপত্তিগুলো ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে চেষ্টা করা হচ্ছে।

১১. খুলনা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক বলেন, খুলনা ওয়াসার অডিট আপত্তি ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তি করা হচ্ছে। ভূমি অধিগ্রহণের বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের ডিমান্ড নোট অনুযায়ী ৭.৫% সার্ভিস চার্জ জমা প্রদান সংক্রান্ত একটি কমন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভায় সুপারিশ করা হয়েছে কিন্তু অডিট অধিদপ্তর তা গ্রহণ করছে না। এক্ষেত্রে বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা করা যায় কী না সে বিষয়টি বিবেচনা করার জন্য তিনি অনুরোধ জানান। ঢাকা ওয়াসার প্রতিনিধি বলেন, তাদেরও একই বিষয়ে একটি অডিট আপত্তি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে, যা নিষ্পন্ন হওয়া প্রয়োজন।

১২. সভাপতি এ পর্যায়ে অডিট অধিদপ্তরের সংশ্লিষ্ট সিনিয়র কর্মকর্তাদের সাথে যোগাযোগের মাধ্যমে বিষয়টি নিষ্পত্তির চেষ্টা করা যেতে পারে মর্মে মতামত দেন। তিনি ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখার জন্য এ বিভাগের অডিট অধিশাখাসহ আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণকে অনুরোধ জানান।

১৩. সভায় গৃহিত ৫নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে মহাপরিচালক (পমূপ) বলেন, বিগত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়নের হালনাগাদ তথ্য MIS System-এ আপলোড করার সুবিধার্থে সকল দপ্তর/সংস্থাকে ইউজার আইডি ও

পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে। অধিকাংশ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির তথ্য MIS System-এ আপডেট করা হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে প্রকল্প পরিচালকদের অনীহা বা অবহেলাজনিত কারণে MIS System-এ তথ্য আপডেট করতে বিলম্ব পরিলক্ষিত হচ্ছে। এক্ষেত্রে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির তথ্য ও প্রতিবেদন MIS System-এ আপডেট করার জন্য একটি সময়সীমা নির্ধারণ করে দেয়া প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

১৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, প্রকল্পের তথ্য ও প্রতিবেদন MIS System-এ নিয়মিত আপলোড করার কাজ সমন্বয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহ হতে একজন করে কর্মকর্তা ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়ন করার বিষয়ে বিগত সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। দপ্তর/সংস্থা হতে মনোনীত ফোকাল পয়েন্ট প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং করে প্রতি মাসের একটি নির্দিষ্ট তারিখে MIS System-এ প্রকল্পের তথ্য ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আপলোড করতে পারে।

১৫. রাজশাহী ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ জাকির হোসেন বলেন, টেকনিক্যাল পার্সনদের সহযোগিতা নিয়ে রাজশাহী ওয়াসার বাস্তবায়নাধীন সকল প্রকল্পের তথ্য ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন MIS System-এ আপলোড করা হয়েছে এবং তা নিয়মিত আপডেট করা হয়।

১৬. যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন) জনাব কবীর মাহমুদ বলেন, এলজিইডি ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রকল্পগুলোর তথ্য ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন MIS System-এ নিয়মিতভাবে আপডেট করা হচ্ছে। তবে সিটি কর্পোরেশন এবং ওয়াসার প্রকল্পগুলোর তথ্য নিয়মিত আপডেট করা হচ্ছে না। এছাড়া কিছু কিছু নতুন প্রকল্প আছে যেগুলোর তথ্য এখনো MIS System-এ আপলোড করা হয়নি সেগুলোর তথ্য ও প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে MIS System-এ আপলোড করা প্রয়োজন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালক ও দপ্তর/সংস্থার প্রধানগণকে অনুরোধ জানান।

১৭. সভাপতি এ পর্যায়ে বলেন, নতুন প্রকল্পগুলোর তথ্য আগামী ২(দুই) মাসের মধ্যে MIS System-এ আপলোড করতে হবে। এছাড়া চলমান অন্যান্য প্রকল্পগুলোর তথ্য ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে আপডেট করতে হবে।

১৮. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচিব (যুগ্মসচিব) জনাব মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক বলেন, প্রকল্পের অগ্রগতি মনিটরিং এর ক্ষেত্রে MIS System-এ প্রকল্পের তথ্য আপলোড অত্যন্ত গুরুত্বপূর্ণ। সমাপ্ত প্রকল্পের PCR সময়মত যথাযথভাবে দাখিল করাসহ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির তথ্য নিয়মিতভাবে MIS System-এ আপডেট নিশ্চিত করার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ হতে সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে চিঠি ইস্যু করা হবে মর্মে তিনি জানান।

১৯. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সিস্টেম এনালিস্ট জনাব আবু তৈয়ব রোকন জানান, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিকল্পনা ও ডিজাইন শাখা হতে প্রকল্পের তথ্য MIS System-এ আপডেট করা হয়ে থাকে।

২০. সভায় গৃহিত ৫নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ের যুগ্মসচিব (পরিকল্পনা) জনাব মোঃ কামরুজ্জামান বলেন, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের PSC ও PIC সভাসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী ভার্চুয়ালি আয়োজন করা হচ্ছে।

২১. অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী অন্যান্য সভার ন্যায় PSC ও PIC সভাগুলোও হাইব্রিড মোডে আয়োজন করা যেতে পারে। তিনি প্রকল্পের ডিপিপি অনুযায়ী PSC ও PIC সভা যথাসময়ে নিয়মিতভাবে আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

২২. সভাপতি সমাপনী বক্তব্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটির ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন। তিনি সভায় প্রাপ্ত সিদ্ধান্তসহ চলতি ২০২২-২৩ অর্থ বছরের দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমগুলো যথাযথভাবে বাস্তবায়নে এ বিভাগের সকল অনুবিভাগসহ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থার প্রধানগণের প্রতি আহ্বান জানান।

২৩। **সভার সিদ্ধান্তসমূহ:**

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়। | -- |
| ২। | খুলনা এবং রংপুর সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম চালু হওয়ায় সিদ্ধান্তটি বাস্তবায়িত মর্মে গণ্য করতে হবে। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন হতে আগামী ৫ (পাঁচ) দিনের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন/প্রত্যয়ন প্রেরণ করতে হবে। | (১) খুলনা সিটি কর্পোরেশন<br>(২) রংপুর সিটি কর্পোরেশন |
| ৩। | প্রকল্প শেষ হওয়ার সাথে সাথে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এর কপি/তথ্য এ বিভাগে প্রেরণ করার পাশাপাশি ডিজিটালি সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) দপ্তর/সংস্থার প্রধান (সকল)<br>(২) প্রকল্প পরিচালক (সকল)<br>(৩) পরিকল্পনা অধিশাখা |
| ৪। | এ বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকগণকে প্রকল্প শেষে PCR দাখিলের বিষয়ে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করতে হবে। | পরিকল্পনা অধিশাখা |
| ৫। | যে সকল সমাপ্ত প্রকল্পের PCR দাখিল অবশিষ্ট রয়েছে তাদেরকে আগামী ১(এক) মাসের মধ্যে PCR প্রেরণ নিশ্চিত করতে হবে। PCR প্রাপ্তির পর মন্ত্রণালয় হতে দ্রুততম সময়ে সেগুলো নিষ্পত্তি করে আইএমইডিসহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) দপ্তর/সংস্থার প্রধান (সকল)<br>(২) প্রকল্প পরিচালক (সকল)<br>(৩) পরিকল্পনা অধিশাখা |
| ৬। | ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে দীর্ঘদিনের অনিষ্পন্ন অডিট আপত্তিসহ দপ্তর/সংস্থার সকল অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | (১) দপ্তর-সংস্থার প্রধান (সকল)<br>(২) অডিট অধিশাখা |
| ৭। | এ বিভাগসহ দপ্তর/সংস্থার নতুন প্রকল্পসমূহের তথ্য আগামী ২(দুই) মাসের মধ্যে MIS System-এ আপলোড করতে হবে। চলমান অন্যান্য প্রকল্পগুলোর তথ্য ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে MIS System-এ আপডেট করতে হবে। | (১) দপ্তর/সংস্থার প্রধান (সকল)<br>(২) মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা<br>(৩) প্রকল্প পরিচালক (সকল) |
| ৮। | প্রকল্পের ডিপিপি অনুযায়ী PSC ও PIC সভা যথাসময়ে করতে হবে। এক্ষেত্রে হাইব্রিড মোডে সভাসমূহ আয়োজন করা যেতে পারে। | (১) দপ্তর/সংস্থার প্রধান (সকল)<br>(২) পরিকল্পনা অধিশাখা<br>(৩) প্রকল্প পরিচালক (সকল) |

২৪। পরিশেষে, সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে যথাযথভাবে দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬।৩।২৩

ড. মহঃ শের আলী
অতিরিক্ত সচিব
(সচিবের রুটিন দায়িত্বে)
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-৩৪৫(১/৪০)

তারিখ: ০৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

**দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/ময়মনসিংহ/গাজীপুর/রংপুর/বরিশাল/কুমিল্লা/নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩. উপসচিব (প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ (এবিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৬. অফিস কপি।

২৩.০৩.২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ইমেইল: lgcc1@lgd.gov.bd